

Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 06 May, 2025

আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির সদস্য ও বাগেরহাট-৪ আসনের সাবেক সংসদ সদস্য আমিরুল আলম মিলনকে রাজধানীর পল্টন থানায় দায়ের করা এক হত্যা মামলায় গ্রেপ্তার দেখিয়ে কারাগারে পাঠানো হয়েছে।

মঙ্গলবার (৬ মে) সন্ধ্যার আগে ঢাকা মহানগরের অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জিয়াউর রহমান শুনানি শেষে তাঁকে কারাগারে পাঠানোর আদেশ দেন। মামলার তদন্ত কর্মকর্তা তাঁকে আদালতে হাজির করে কারাগারে আটক রাখার আবেদন করেন।

এর আগে সোমবার (৫ মে) ঢাকার ইন্দিরা রোড এলাকায় অভিযান চালিয়ে মিলনকে আটক করে মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ। পরে যুবদল নেতা শামীম হত্যা মামলায় তাঁকে গ্রেপ্তার দেখানো হয়।

মামলার তথ্য অনুযায়ী, ২০২৩ সালের ২৮ অক্টোবর বিএনপির কেন্দ্রীয় মহাসমাবেশের দিন আওয়ামী লীগ পাল্টা কর্মসূচি দেয়। ওইদিন সংঘর্ষে যুবদল নেতা শামীম নিহত হন। ২০২৪ সালের ১৪ সেপ্টেম্বর এ ঘটনায় পল্টন থানায় হত্যা মামলা দায়ের করা হয়।

আদালত সূত্রে জানা গেছে, মামলাটির তদন্ত অব্যাহত রয়েছে।

বাগেরহাট আওয়ামী লীগ মামলা কারাগার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:19

URL: <https://www.timestodaybd.com/national/2053271476>